



তারিখ : ০৯.০১.২০১৮

## সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কারণে অসচ্ছল পরিবারের সন্তানেরাও উচ্চ  
শিবার সুযোগ লাভ করছে

উপাচার্য ড. হারবন-অর-রশিদ

আজ ০৯.০১.২০১৮ ভাওয়ালগড়ের ভবানীপুরে অবস্থিত মুক্তিযোদ্ধা কলেজে একাডেমিক ভবন উদ্বোধন, নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারবন-অর-রশিদ বলেন “ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ২২৫০টি কলেজের মাধ্যমে সারাদেশের অসচ্ছল পরিবারের লক্ষ লক্ষ শিক্ষার্থী উচ্চশিক্ষার সুযোগ লাভ করছে” ।

মুক্তিযোদ্ধা কলেজ সম্বন্ধে বলেন “মুক্তিযোদ্ধা নামে নামকরণ যে কলেজ, সে কলেজকে শিক্ষা-দীক্ষা, অবকাঠামোগত সুযোগ-সুবিধা, শিক্ষার পরিবেশ, পরীক্ষায় শিক্ষার্থীদের সাফল্য, নিয়ম-শৃঙ্খলা সর্বদিক থেকে একটি আদর্শ স্থানীয় কলেজে উন্নীত করতে হবে এবং কলেজের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী সবাইকে শহীদ মুক্তিযোদ্ধাদের আত্মদান এবং জাতির পিতার সততা ও সর্বত্যাগের আদর্শ সমুন্নত রেখে নিজও জীবনে অনুসরণ করে চলতে হবে” ।

স্থানীয় এমপি সাবেক মন্ত্রী ও বর্ষীয়ান জননেতা মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট রহমত আলী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন । সভাপতি তাঁর ভাষণে বলেন “জ্ঞানই শক্তি এবং জ্ঞানই সৃষ্টি । আমাদের শিক্ষার্থীদের প্রকৃত জ্ঞানের অনুসারী হতে হবে” ।



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
mail: pr@nu.edu.bd



(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়